

## জিই বাংলাদেশে কার্যক্রম আরো বিস্তৃত করতে চায়

ঢাকা (22 মে, ২০১৭):


জেনারেল ইলেকট্রিক (জিই) বাংলাদেশে কার্যক্রম আরো বিস্তৃত করতে চায়। সে লক্ষ্যে বাংলাদেশে তাঁদের বিনিয়োগের পরিধি আরো বাড়ানোর জন্য কাজ করছে জিই। কেননা, অতীতের যেকোন সময়ের তুলনায় বর্তমানে বাংলাদেশে সর্বোচ্চ বিনিয়োগ সহায়ক পরিবেশ বিরাজ করছে। জিই দক্ষিণ এশিয়ার প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব বনমালী আগরাওয়াল (Banmali Agrawala) আজ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর নির্বাহী চেয়ারম্যান জনাব কাজী এম আমিনুল ইসলামের সাথে তাঁর অফিস কক্ষে সাক্ষাৎকালে এ কথা বলেন।

এ সময় জিই বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার জনাব মোঃ নওশাদ আলী, জিই দক্ষিণ এশিয়ার কর্পোরেট অ্যাফেয়ার্স এন্ড পলিসি বিষয়ক সিনিয়র কাউন্সেল এবং ভাইস প্রেসিডেন্ট জনাব আবদুর রহমান চৌধুরী এবং জিই পাওয়ার সার্ভিসেস এর সেলস ডিরেক্টর জনাব সরতাজ ভূঁইয়া উপস্থিত ছিলেন।

বৈঠক সূত্রে জানা যায়, জিই দীর্ঘকাল ধরে বাংলাদেশের পাওয়ার সেক্টরের সাথে যুক্ত রয়েছে। তাছাড়া তাঁরা বাংলাদেশের হেলথ কেয়ার, এনার্জি ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন, এভিয়েশন প্রভৃতি সেক্টরে কাজ করে যাচ্ছে।

বিডা নির্বাহী চেয়ারম্যান জনাব কাজী এম. আমিনুল ইসলাম জিই প্রতিনিধি দলের নিকট বাংলাদেশে বিনিয়োগ ও বাণিজ্য বিকাশে ইজ অব ডুয়িং বিজনেস, ওয়ান স্টপ সার্ভিস অ্যাক্ট প্রবর্তনসহ বর্তমান সরকারের চলমান সংস্কার কার্যক্রমসমূহ তুলে ধরেন। তিনি জিই প্রতিনিধি দলকে বাংলাদেশে তাঁদের বিনিয়োগ কার্যক্রম আরো বিস্তৃত করতে সর্বাত্মক সব ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন এবং বাংলাদেশের বর্তমান বিনিয়োগ বান্ধব পরিবেশ সারা বিশ্বের বিনিয়োগকারীদের মাঝে প্রচার তথা ছড়িয়ে দিতে অ্যাধাসেডর হিসেবে কাজ করার অনুরোধ জানান।

জিই প্রতিনিধি দল বাংলাদেশে ব্যবসা ও বিনিয়োগ পরিবেশ উন্নয়নে এ সংক্রান্ত সরকারী সংস্কার কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেছে এবং বাংলাদেশে বিনিয়োগ প্রসারে দেশে-বিদেশে যে ইভেন্টসমূহ অনুষ্ঠিত হবে, তাতে বাংলাদেশে তাঁদের কার্যক্রমের ইতিবাচক অভিজ্ঞতা দেশী-বিদেশী বিনিয়োগকারীদের নিকট তুলে ধরার অভিপ্রায় ব্যক্ত করেছে।



(ফয়সল হাসান)

সিনিয়র তথ্য অফিসার

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

প্রধানমন্ত্রীর কার্যালয়।